

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা সদর দপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং ৫৮.০৪.০০০০.০২৪.০১.০০১.২০২৪-১৬১৫

তারিখঃ ১৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৪ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পোশাক নীতিমালা অনুযায়ী যথাযথভাবে ইউনিফর্ম পরিধান সংক্রান্ত

সূত্রঃ ক। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং ৪৪.০০.০০০০.০২৩.৫১.০০১.২০১৪-৩১৩ তারিখঃ ১৬-১০-২০১৬ খ্রিঃ
খ। কারা সদর দপ্তরের পত্র নং ৫৮.০৪.০০০০.০২৪.০৩.০০৭.২০১৭-১২৭(৮৮) তারিখঃ ২৭-৩-২০১৭ খ্রিঃ
গ। কারা সদর দপ্তরের পত্র নং ৫৮.০৪.০০০০.০২৪.০১.০০১.২০২৪-১১২০ তারিখঃ ১৮-১১-২০২৪ খ্রিঃ


কারা অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন কারাগার/দপ্তরের ইউনিফর্মধারী কর্মকর্তা-কর্মচারীদের বাংলাদেশ জেল পোশাক নীতিমালা-২০১৬ অনুযায়ী পোশাক পরিধান করার জন্য বিভিন্ন সময়ে নির্দেশনা প্রদান করা হলেও তা প্রতিপালিত হচ্ছে না এবং নিম্নরূপ ব্যত্যয় পরিলক্ষিত হচ্ছে।

ক। কারাগারের মহিলা কারারক্ষীগণ যথাযথ পোশাক পরিধান করছেন না, কিংবা পোশাক পড়লেও তাতে নেম প্লেট থাকছে না।

খ। কারা ক্যান্টিনে দায়িত্ব পালনকারী কারারক্ষীগণ যথাযথ পোশাক পরিধান করছেন না। এতে তাৎক্ষণিকভাবে ক্রেতা বিক্রেতা চিহ্নিত করা সম্ভব হচ্ছে না।

গ। ইউনিফর্মধারী অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণও যথাযথভাবে পোশাক পরিধান করছেন না।

২। এমতাবস্থায়, ইউনিফর্মধারী সকলকে বাংলাদেশ জেল পোশাক নীতিমালা-২০১৬ অনুযায়ী এবং কারা সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক পোশাক পরিধানের জন্য পুনরায় কঠোরভাবে নির্দেশ প্রদান করা হলো। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক।
ফোনঃ ৫৭৩০০২২২(দপ্তর)

কার্যার্থে প্রেরণ

- ১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ।
- ২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
- ৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
- ৪। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা সদর দপ্তর, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট/প্রিজন্স ইনটেলিজেন্স ইউনিট/আইসিটি সেল, কারা সদর দপ্তর, ঢাকা।